**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 19–07–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) ত্রি–স্তরীয় পঞ্চায়েত নির্বাচনে মনোনয়নপত্র পরীক্ষার কাজ আজ শেষ হয়েছে ।**

**(২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন কি বাত অনুষ্ঠানের আগামী পর্বের জন্য প্রাপ্ত পরামর্শগুলিতে সন্তোষ প্রকাশ করেছেন ।**

**(৩) কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী অনুপ্রিয়া প্যাটেল বলেছেন যে সরকার দেশে প্রসূতি মৃত্যুর হার কমাতে কাজ করছে ।**

**(৪) কেন্দ্রীয় যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী, ডঃ মনসুখ মান্ডাভিয়া আজ নতুন দিল্লিতে খেলো ইন্ডিয়া রাইজিং ট্যালেন্ট আইডেন্টিফিকেশন বা KIRTI উদ্যোগের দ্বিতীয় পর্বের উদ্বোধন করেন ।**

********************************************

**Election-Unakoti :**

ত্রি-স্তরীয় পঞ্চায়েত নির্বাচনে মনোনয়নপত্র পরীক্ষার কাজ আজ শেষ হয়েছে। মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন আগামী ২২শে জুলাই। ভোট নেওয়া হবে আগামী ৮ই আগস্ট।

১৩ সদস্যক ঊনকোটি জিলা পরিষদের নির্বাচনে মনোনয়নপত্র পরীক্ষা শেষে একটি মনোনয়নপত্র ত্রুটি থাকায় বাতিল বলে গণ্য হয়েছে। বাকী ২৯টি মনোনয়নপত্র বৈধ বলে বিবেচিত হয়েছে। এরমধ্যে বিজেপি'র ১৩ জন, সিপিআইএম এর ৭ জন, কংগ্রেসের ৬ জন, তিপরা মথা'র ২ জন এবং একজন নির্দল প্রার্থী রয়েছেন। ঊনকোটি জেলার কুমারঘাট, গৌরনগর ও চন্ডীপুর ব্লক কার্যালয়েও আজ পঞ্চায়েত সমিতি ও গ্রাম পঞ্চায়েত আসনগুলোর প্রদত্ত মনোনয়নপত্রগুলি পরীক্ষা হয়েছে। এদিকে ঊনকোটি জেলার জেলা নির্বাচন আধিকারিক তথা জেলা শাসক দিলীপ কুমার চাকমা আজ আমাদের জেলা সংবাদদাতা অনুপম ভট্টাচার্যকে এক সাক্ষাৎকারে জানান, সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে পঞ্চায়েত নির্বাচন সম্পন্ন করতে প্রয়োজনীয় সবধরনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। উল্লেখ্য যে, ঊনকোটি জেলায় ৩৬ জন সেক্টর অফিসার নিয়োগ করা হয়েছে।

*****************************

**Panchayet Election-Secretary :**

রাজ্য নির্বাচন কমিশনের সচিব অসিত কুমার দাস জানিয়েছেন গতকাল ছিল মনোনয়নপত্র দাখিলের শেষ দিন। ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে মোট ১০ হাজার ১৬৪ জন প্রার্থী মনোনয়ন দাখিল করেছেন। এর মধ্যে গ্রাম পঞ্চায়েতের জন্য ৮ হাজার ৯৯৭ জন, পঞ্চায়েত সমিতির নির্বাচনে ৭৮৩ জন এবং জিলা পরিষদ

নির্বাচনে ৩৮৪ জন প্রার্থী মনোনয়ন পত্র পেশ করেছেন। তিনি জানান, গ্রাম পঞ্চায়েত নির্বাচনে বিজেপি দলের ৬৩৩৭ জন প্রার্থী, সিপিআই(এম) দলের ১ হাজার ৪৪১ জন, জাতীয় কংগ্রেসের ৮১০ জন, তিপরা মথা দলের ২৩১ জন, সিপিআই(এম এল) দলের ৪ জন, সিপিআই দলের ৩ জন, আর এস পি-র ৪ জন এবং ১৬৭ জন নির্দল প্রার্থী মনোনয়ন জমা দিয়েছেন।

পঞ্চায়েত সমিতির ৭৮৩ জন প্রার্থী মনোনয়নপত্র দাখিল করেছেন। এরমধ্যে বিজেপি'র ৪৩৩ জন, সিপিআই(এম)-র ২০৫জন, জাতীয় কংগ্রেসের ১১২ জন, তিপরা মথা দলের ১৫ জন, সিপিআই(এম এল) এবং সিপিআই দলের ২ জন করে ও ১৪ জন নির্দল প্রার্থী।

জিলা পরিষদ নির্বাচনে বিজেপি-র ১৬০ জন, সিপিআই(এম) এর ১১৫ জন, জাতীয় কংগ্রেসের ৯৮ জন, আমরা বাঙ্গালীর ২ জন, সিপিআই-এর ১ জন এবং নির্দল প্রার্থী রয়েছেন ৫ জন মনোনয়নপত্র জমা দিয়েছেন।

*******************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন কি বাত অনুষ্ঠানের আগামী পর্বের জন্য প্রাপ্ত পরামর্শগুলিতে সন্তোষ প্রকাশ করেছেন। অনুষ্ঠানটি চলতি মাসের ২৮ তারিখ, রবিবার সকাল ১১টায় প্রচারিত হবে। আজ সামাজিক মাধ্যমে শ্রী মোদি বলেছেন, তিনি আসন্ন মন কি বাতের জন্য অসংখ্য পরামর্শ পাচ্ছেন। প্রধানমন্ত্রী জনগণকে

MyGov ও NaMo অ্যাপে মতামত পাঠাতে বা 1800117800 নম্বরে তাদের বার্তা রেকর্ড করার আহ্বান জানিয়েছেন।

**************************

**Election-Sepahijala :**

সিপাহীজলা জিলা পরিষদের ১৭টি আসনের জন্য মোট ৫১ জন প্রার্থী মনোনয়নপত্র জমা করেন। আজ পরীক্ষার পর সবগুলি মনোনয়নপত্র বৈধ বলে বিবেচিত হয়। এরমধ্যে রয়েছে কংগ্রেস ও সি.পি.আই.এমের ১৫ জন করে প্রার্থী, বি.জে.পির ১৭ জন প্রার্থী, সি.পি.আইয়ের ১ জন ও ৩ জন নির্দল প্রার্থী। জেলাশাসক তথা জেলা নির্বাচন আধিকারিক সিদ্ধার্থ শিব জয়সওয়াল আকাশবাণীর সিপাহীজলা জেলা সংবাদদাতা অভিজিৎ বর্ধনকে এখবর জানিয়েছেন।

*******************************

**Election-West Tripura :**

পশ্চিম ত্রিপুরা জেলা শাসক তথা জেলা নির্বাচন আধিকারিক ডাঃ বিশাল কুমার জানিয়েছেন, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদ নির্বাচনের জন্য মোট ৫৬ জন প্রার্থীর মনোনয়নপত্র জমা পড়েছিল। আজ মনোনয়নপত্রগুলি পরীক্ষা শেষে ৪৭ জন প্রার্থীর মনোনয়নপত্র বৈধ বলে বিবেচিত হয়। এর মধ্যে বিজেপি'র ১৭ জন, সিপিআইএম এর ১৭ জন এবং কংগ্রেসের ১৩ জন প্রার্থী।

******************************

**Election-Gomati :**

গোমতী জিলা পরিষদের নির্বাচনে ১৩টি আসনের জন্য মোট ৩৯ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছিলেন। আজ পরীক্ষা শেষে সবকয়জন প্রার্থীর মনোনয়নপত্র বৈধ বলে বিবেচিত হয়। গোমতী জেলা শাসক তথা জেলা নির্বাচনী আধিকারিক তড়িৎ কান্তি চাকমা এখবর জানিয়েছেন।

***************************

**Election-Khowai :**

খোয়াই-এর জেলা শাসক চাঁদনী চন্দ্রন জানিয়েছেন, খোয়াই জিলা পরিষদের ১৩টি আসনের জন্য ৩৭ জন প্রার্থীর মনোনয়নপত্র বৈধ বলে বিবেচিত হয়েছে। খোয়াই ব্লক আধিকারিক তথা রিটার্নিং অফিসার অভিজিৎ দাস জানিয়েছেন, খোয়াই পঞ্চায়েত সমিতির ১৩টি আসনে বিজেপি এবং সিপিআইএম-এর সব ক'জন প্রার্থীর মনোনয়ন বৈধ বলে বিবেচিত হয়েছে। গ্রাম পঞ্চায়েত স্তরে মোট ২৪৯টি আসনের জন্য মোট ৩০৫ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছিলেন। আজ পরীক্ষা শেষে বৈধ বলে বিবেচিত হয়েছে ৩০৩ জন প্রার্থীর মনোনয়নপত্র।

****************************

**Anupriya Patel :**

কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ প্রতিমন্ত্রী অনুপ্রিয়া প্যাটেল বলেছেন যে সরকার দেশে প্রসূতি মৃত্যুর হার কমাতে কাজ করছে। তিনি বলেন, জনসংখ্যা স্থিতিশীলকরণের জন্য গৃহীত পদক্ষেপের ফল পাওয়া যাচ্ছে এবং দেশ ২০৩০ সালের আগে প্রতি এক লক্ষ জীবিত জন্মে ৭০-এর কম প্রসূতি মৃত্যু কমাতে সুস্থায়ী উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হবে। আজ নতুন

দিল্লিতে বিশেষজ্ঞদের সঙ্গে পরিবার পরিকল্পনা সংক্রান্ত একটি বৈঠকে সভাপতির ভাষণে তিনি বলেন, সরকার প্রধানমন্ত্রী সুরক্ষিত মাতৃত্ব অভিযান এবং অ্যানিমিয়া মুক্ত ভারত অভিযানের মতো বেশ কয়েকটি প্রকল্প শুরু করেছে যা ২০১৪ সালের প্রতি এক লক্ষ জীবিত জন্মে প্রসূতি মৃত্যুর হার ১৩০ থেকে কমিয়ে এখন ৭০এ নামিয়ে এনেছে।

পরিবার পরিকল্পনার গুরুত্ব তুলে ধরে শ্রীমতি প্যাটেল বলেন, নারী ও শিশুদের সুস্বাস্থ্যের জন্য গর্ভাবস্থার স্বাস্থ্যকর সময় এবং ব্যবধান গুরুত্বপূর্ণ। তিনি জোর দিয়ে বলেন যে পরিবার পরিকল্পনা শুধুমাত্র মহিলাদের দায়িত্ব নয়, এটি পুরুষদেরও দায়িত্ব এবং অভিযানে তাদের অংশগ্রহণ বাড়াতে হবে। মন্ত্রী বলেন, পরিবার পরিকল্পনা উদ্যোগ শুধুমাত্র জনসংখ্যা স্থিতিশীলতার লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্য নয়, এটি নারী ও শিশুদের স্বাস্থ্যের উন্নতির হাতিয়ার হয়ে উঠেছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারতের লক্ষ্যমাত্রার উপর জোর দিয়ে তিনি বলেন, লক্ষ্য অর্জনের জন্য নারীর ক্ষমতায়ন অপরিহার্য।

*********************************

**Airport delayed flights :**

মাইক্রোসফ্টের সমস্যায় বিশ্ব জুড়ে ব্যাহত হল বিমান পরিষেবা, প্রভাবিত ব্যাঙ্ক ও শেয়ার বাজারও। আজ বিশ্বের বিভিন্ন প্রান্ত থেকে উইন্ডোজ-এর সমস্যা নিয়ে একের পর এক অভিযোগ আসতে শুরু করে। এক্স হ্যান্ডলে মাইক্রোসফ্ট ৩৬৫ স্টেটাস জানিয়েছে, ঘটনাটি তদন্ত করছে তারা।

এই ঘটনার জেরে আমেরিকা এবং অস্ট্রেলিয়ার বিভিন্ন সরকারি অফিস, ব্যাঙ্ক এবং বেসরকারি অফিসগুলিতে ব্যাপক প্রভাব পড়েছে। ভারতেও এর ব্যাপক প্রভাব পড়েছে। ব্যাঙ্ক, বিমান পরিষেবা ব্যাহত হয়েছে।

মাইক্রোসফট-সার্ভারের ত্রুটিএর প্রভাব রাজ্যেও পড়েছে। আগরতলা এম বি বি বিমানবন্দরে বিমান চলাচল দারুন ভাবে প্রভাবিত হয়। আগরতলা বিমানবন্দরের এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার এইচ এস জেম্পু জানিয়েছেন, বিমানবন্দরে কম্পিউটার সার্ভার না থাকায় যাত্রীদের বোর্ডিং পাস হাতে তৈরী করে দিতে হয়েছে। যার জন্য প্রতিটি উড়ান এক থেকে দুই ঘন্টা দেরিতে ছাড়ে।

*****************************

**Road Accident-Boxanagar :**

সোনামুড়া-বক্সনগর সড়কের কমলনগর এলাকায় আজ একটি যাত্রীবাহী জিপ গাড়ির সঙ্গে একটি বাইকের মুখোমুখি সংঘর্ষ হয়। এতে বাইক চালক ফয়সাল আহম্মেদ নামে এক যুবকের মৃত্যু হয়। পুলিশ সুত্রে এখবর জানা গেছে।

*********************************

**Blast-Agartala :**

আগরতলার ফায়ার সার্ভিস চৌমুহনীতে এক বাড়িতে গতকাল রাতে বিস্ফোরনের ফলে গৃহকর্তা ডা: বিশ্বজিৎ সূত্রধর এবং তার স্ত্রী রুপা সূত্রধর গুরুতর আহত হন। বিস্ফোরনে তাদের দালান বাড়িটির বেশ কিছু অংশ ভেঙ্গে পড়ে। বিস্ফোরনের আওয়াজ

শুনে পুলিশ ও দমকল কর্মীরা দ্রুত ঘটনাস্থলে ছুটে যান। দমকল কর্মীরা আহত দম্পতিকে হাসপাতালে নিয়ে যান। সদরের এসডিপিও দেবপ্রসাদ রায় আকাশবাণীকে জানান কি কারনে বিস্ফোরণ ঘটেছে তা এখনও পরিষ্কার নয়। ঘটনার ফরেনসিক তদন্ত চলছে।

*************************

**Congress Press Meet :**

লোকসভার উপ বিরোধী দলনেতা গৌরব গগই অভিযোগ করেছেন বর্তমানে রাজ্যে নির্বাচনের কোন পরিস্থিতি নেই। তিনি অভিযোগ করেন ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচন নিয়ে গত কয়েকদিন ধরে সারা রাজ্যে শাসকদলের মদতে বিরোধী দলের উপর আক্রমণ করা হচ্ছে। আজ প্রদেশ কংগ্রেস ভবনে আয়োজিত সাংবাদিক সন্মেলনে এই অভিযোগ করেন তিনি। তিনি বলেন, এই সমস্ত ঘটনা সম্পর্কে বিস্তারিত রিপোর্ট সংসদে তুলে ধরা হবে। সাংবাদিক সন্মেলনে কংগ্রেস বিধায়ক সুদীপ রায় বর্মন অভিযোগ করেন গতকাল মনোনয়ন পত্র জমা দেবার শেষ দিনে দক্ষিন জেলা থেকে ধলাই জেলা পর্যন্ত মোট ৩৩৮৩ জন কংগ্রেস প্রার্থী সন্ত্রাসের কারনে মনোনয়ন পত্র জমা দিতে পারেননি। সাংবাদিক সন্মেলনে উপস্থিত ছিলেন সাংসদ তারিখ আনোয়ার, এআইসিসি ত্রিপুরা ইনচার্জ গিরিষ চোদনকর, প্রদেশ কংগ্রেস সভাপতি আশিষ কুমার সাহা। এর আগে কংগ্রেসের একটি প্রতিনিধি দল আজ বিশালগড় ঘনিয়ামারা অরবিন্দনগর এবং উদয়পুর টেপানিয়া এলাকায় বিরোধী দলের আক্রান্ত কর্মীদের বাড়িতে যান ও তাদের সাথে কথা বলেন।

*****************************

**Samir Chakarborty :**

সিপিআইএম নেতা সমীর চক্রবর্তীর প্রয়াণে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা গভীর শোক প্রকাশ করেছেন। আজ তিনি প্রয়াত নেতার বাড়িতে যান ও তার মরদেহে পুষ্পার্ঘ্য দিয়ে শেষ শ্রদ্ধা নিবেদন করেন। মুখ্যমন্ত্রীর সঙ্গে ছিলেন প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য। উল্লেখ্য দীর্ঘদিন অসুস্থ থাকার পর গতকাল একটি বেসরকারি হাসপাতাল সমীর চক্রবর্তী শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

***************************

**Felicitation :**

কৈলাশহর পুর পরিষদের উদ্যোগে আজ স্থানীয় ঊনকোটি কলাক্ষেত্রে কৃতি ছাত্র-ছাত্রী সংবর্ধনা অনুষ্ঠান হয়। এখানে এবছরের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় আশি শতাংশ বা তার বেশি নম্বর পেয়েছে তাদের সংবর্ধনা জানানো হয়। আজকের অনুষ্ঠানে বক্তব্য রাখেন,কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়,মহকুমা শাসক প্রদীপ সরকার, বিশিষ্ট শিক্ষাব্রতী দীপক রঞ্জন পাল প্রমুখ।

**************************

**KIRTI :**

কেন্দ্রীয় যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী, ডঃ মনসুখ মান্ডাভিয়া আজ নতুন দিল্লিতে খেলো ইন্ডিয়া রাইজিং ট্যালেন্ট আইডেন্টিফিকেশন বা KIRTI উদ্যোগের দ্বিতীয় পর্বের উদ্বোধন করেন। আধুনিক তথ্য প্রযুক্তি সরঞ্জাম এবং বিশ্বব্যাপী সর্বোত্তম অনুশীলনের উপর ভিত্তি করে একটি সমন্বিত প্রতিভা সনাক্তকরণ ব্যবস্থা বিকাশের জন্য KIRTI-এর

কল্পনা করা হয়েছে। এল লক্ষ্য একক প্ল্যাটফর্মে তৃণমূল স্তরের প্রতিভা সনাক্তকরণের প্রক্রিয়াকে সহজতর করা।

অনুষ্ঠানে ডঃ মান্ডাভিয়া বলেন, KIRTI প্রকল্পের লক্ষ্য শহর, গ্রামীণ, উপজাতি এবং হিমালয় অঞ্চল থেকে ক্রীড়া প্রতিভা খুঁজে বের করা। তিনি জোর দিয়ে বলেন যে নরেন্দ্র মোদী সরকারের তৃতীয় মেয়াদের প্রথম ১০০ দিনের মধ্যে কেন্দ্র এক লক্ষ ক্রীড়া প্রতিভাকে চিহ্নিত করবে। তাদের সব ধরনের সহযোগিতা করা হবে বলে জানান তিনি।

KIRTI প্রকল্পের লক্ষ্য অনুযায়ী ২০২৪-২৫ সালে সমস্ত রাজ্য থেকে ২০ লক্ষ প্রতিভার মূল্যায়ন করা হবে। এটিও প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির দৃষ্টিভঙ্গির সাথে সামঞ্জস্যপূর্ণ এবং এর মাধ্যমে দেশের প্রতিটি শিশুর কাছে খেলাধুলাকে ব্যাপক অংশগ্রহণের মাধ্যমে নিয়ে যাওয়া ও শেষ পর্যন্ত খেলো ইন্ডিয়া কর্মসূচির মাধ্যমে শ্রেষ্ঠত্ব অর্জন করা।

এর আগে, এই বছরের মার্চ মাসে চণ্ডীগড়ে KIRTI-এর প্রথম পর্ব চালু হয়েছিল। এই পর্বে ৭০টি কেন্দ্রে তিন লক্ষ ৬২ হাজার ৬৮৩টি নিবন্ধন হয়েছে। ১১টি শাখায় সম্ভাবনাময় ক্রীড়াবিদদের মূল্যায়ন হয়েছে। এগুলি ছিল তীরন্দাজী, অ্যাথলেটিক্স, ব্যাডমিন্টন, বক্সিং, ফুটবল, হকি, কাবাডি, খো-খো, ভলিবল, ভারোত্তোলন এবং কুস্তি।

*****************************

**Second Division :**

ঘরোয়া দ্বিতীয় ডিভিশন লিগ ফুটবলের উদ্বোধনী ম্যাচে আজ স্কাইলার্ক ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় স্কাইলার্ক ক্লাব ৩-০ গোলে এন এস আর সি সি'কে পরাজিত করে। এর আগে আসরের উদ্বোধন করেন পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী। বলে পা লাগিয়ে খেলার সূচনা করেন

প্রাক্তন ফুটবলার তথা রেফারি বিশ্বজিৎ সাহা। মোট আটটি দলকে নিয়ে সিঙ্গেল লিগের ভিত্তিতে আসরে চ্যাম্পিয়নশীপের ফয়সলা হবে। ভারতরত্ন সংঘ এন্ট্রি প্রত্যাহার করায় আগেই তৃতীয় ডিভিশনে অবনমন হয়েছে।

***************************

**Women's Football :**

ঘরোয়া মহিলা ফুটবল লিগের খেলায় আজ জম্পুইজলা প্লে সেন্টার জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে সকালে অনুষ্ঠিত খেলায় জম্পুইজলা প্লে সেন্টার ৭-১ গোলে চলমান সংঘকে পরাজিত করে।

**************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দু এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস। আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সর্তকতা জারি করা হয়েছে। দক্ষিণ জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বর্ষণের ও সর্তকতা জারি করা হয়।

**************************